গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়, রাজশাহী
www.cooperative.rajshahi.gov.bd

নং: ৪৭.৬১.৮১০০.০০০.৩২.১১৯.১৯.২০৮ তারিখ: ২৪/০৭/২০২৪ খ্রি.

**প্রাথমিক সমবায় সমিতির অডিট বরাদ্দ আদেশ**

সমবায় সমিতি আইন,২০০১ এর ৪৩(১) ধারা ও সমবায় অধিদপ্তর,ঢাকা এর আদেশ নম্বর ১২০১-এ/ও , তারিখ: ২৯/৮/২০০৭ খ্রি. এর প্রদত্ত ক্ষমতাবলে রাজশাহী জেলাধীন প্রাথমিক সমবায় সমিতির ২০২৪-২০২৫ অর্থ বছরের বিধিবদ্ধ বার্ষিক অডিট(বকেয়া যদি থাকে) সংযুক্ত তালিকায় নামের পাশে বর্ণিত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অডিট অফিসারদের নামে প্রদান করা হ'ল।

<u>আবশ্যিকভাবে অনুসরণীয় বিষয়</u>

১। জারিকৃত সার্কুলার অনুযায়ী ৩১-০৩-২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রাথমিক সমবায় সমিতির অডিট সম্পাদন করতে হবে

২। সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪৫, ৪৬ এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ১০০,১০১,১০২,১০৩ বিধি প্রতিপালনপূর্বক অডিট সম্পাদন করে সংশ্লিষ্ট সমিতি, মেট্রো: থানা/ উপজেলা ও জেলা সমবায় কার্যালয়ে ৩১-৩-২০২৫ তারিখের মধ্যে অডিট প্রতিবেদন দাখিল করতে হবে।

৩। প্রতি মাসের ২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলায় ব্যক্তিগত রিটার্ণ দাখিল করতে হবে।রিটার্ণ দাখিলের ৭ দিনের মধ্যে ২ প্রস্থ অডিট প্রতিবেদন সংশ্লিষ্ট উপজেলায় দাখিল করতে হবে। প্রতিবেদনের কভার পেইজে সোসাইটি ও অডিটর আইডি উল্লেখ করতে হবে

৪। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারিকৃত ২৩/০২/২০১৫ তারিখের ৪৩ নং সার্কুলারসহ বিভিন্ন সময়ে জারিকৃত অডিট সংক্রান্ত পত্রের বিষয়ের ওপর সুস্পষ্ট মন্তব্য অডিট প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে।

৫। সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক প্রণীত অডিট ম্যানুয়াল অনুযায়ী অডিট প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং সমিতির ব্যবস্থাপনায় আইন-বিধি বহির্ভূত কোনো বিষয় পরিলক্ষিত হলে সে বিষয়ে সুস্পষ্ট অভিমত প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

৬। অডিট অফিসার হিসাব বিবরণী যথাযথভাবে নিরীক্ষার মাধ্যমে হিসাবের কারচুপি, জালিয়াতি ও আত্মসাতের মত ঘটনা (যদি থাকে) উদঘাটন নিশ্চিত করবেন এবং এ ধরনের ঘটনা উদঘাটিত হলে একটি বিশেষ নিরীক্ষা প্রতিবেদন পৃথকভাবে দাখিল করবেন।

৭। যে সকল সমবায় সমিতির স্থাবর সম্পত্তি, প্লান্ট, মেশিনারিজ ইত্যাদি রয়েছে সে সকল সমিতির উল্লিখিত সম্পদের তফসিল, মালিকানা, মূল্য, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বিষয়ে প্রতিবেদনে মন্তব্য প্রদান করতে হবে।

৮। অডিট প্রতিবেদনে মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করা হলে বা তথ্য গোপন করা হলে সংশ্লিষ্ট অডিট অফিসারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। কোনো অডিট অফিসার অন্যত্র বদলি হলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা অবশিষ্ট অডিট নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করবেন।

১০। একজন নিরীক্ষকের নামে বরাদ্দকৃত অডিট অপর একজন সম্পাদন করলে শৃংখলা ভঙ্গের দায়ে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪/০৭/২৪
মোঃ আকরাম হোসেন
জেলা সমবায় অফিসার, রাজশাহী

নং ৪৭.৬১.৮১০০.০০০.৩২.১১৯.১৯.২০৮/১(১৩৩০) তারিখ: ২৪/০৭/২০২৪ খ্রি.

জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব ........................................................অডিট অফিসার ও মেট্রো: থানা/উপজেলা সমবায় অফিসার/সহকারী পরিদর্শক, মেট্রো: থানা/উপজেলা সমবায় কার্যালয়.................... রাজশাহী, পরিদর্শক/প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক জেলা সমবায় কার্যালয়,রাজশাহী।

২। সভাপতি/সম্পাদক,.......................................................................................................,রাজশাহী (তাঁকে হিসাব ম্যানুয়াল অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তুতকৃত হিসাব বিবরণী নিরীক্ষকের নিকট উপস্থাপন করে নিরীক্ষা কাজে সহযোগীতা প্রদান করার জন্য বলা হলো)

৩। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী (মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪/০৭/২৪
মোঃ আকরাম হোসেন
জেলা সমবায় অফিসার, রাজশাহী

রাজশাহী জেলার পবা উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতির ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত অডিট বরাদ্দের তালিকা

অডিট অফিসারের নাম ও পদবী ঃ মোঃ সুলতানুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার, পবা,রাজশাহী।

| ক্রঃ নং | সমিতির আইডি নং | সমিতির নাম ও ঠিকানা | নিবন্ধন নম্বর ও তারিখ | নিরীক্ষকের নাম ও পরিচিতি | সমিতির ধরণ সক্রিয়/নিস্ক্রিয় | উপজেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | | বড়গাছী মহিলা সমবায় সমিতি লিঃ। গ্রাম- বড়গাছী, ডাক- বড়গাছী, উপজেলা- পবা,জেলা- রাজশাহী | ৮৯৮ ২০/০১/১৫ | মোঃ সুলতানুল ইসলাম, পদবিঃ উপজেলা সমবায় অফিসার, পবা,রাজশাহী। | সক্রিয় | পবা |
| ২. | | নলখোলা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ গ্রাম- নলখোলা, ডাক- রাজঃচিনিকল, পবা, রাজশাহী। | ৪৫৯ ০৯/০২/১২ | ঐ | ,, | পবা |
| ৩. | | উত্তরণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ গ্রাম- রনাবাড়ী, ডাক- নওহাটা,উপজেলা- পবা, জেলা- রাজশাহী | ৫২৬ ১৭/০৫/১২ | ঐ | ,, | পবা |
| ৪. | | প্রত্যাশা কঞ্জুমার কো-অপারেটিভ সোসাইটি লিঃ গ্রাম- ললিতাহার , ডাক- খড়খড়ী উপজেলা-পবা, জেলা-রাজশাহী | ১৫৭২ ২৪/১২/১৯ | ঐ | ,, | পবা |
| ৫. | | একতা মহিলা সমবায় সমিতি লিঃ গ্রাম- কুলপাড়া ,ডাক- মিয়াপুর, উপজেলা- পবা, জেলা- রাজশাহী | ১০৭৭ ৩০/১২/১৫ | ঐ | ,, | পবা |
| ৬. | | হরিপুর ব্যবসায়ী বহুমুখী সমবায় সমিতি লিঃ গ্রাম- হরিপুর, ডাক- হরিপুর, উপজেলা- পবা, জেলা- | ৩৫ ২৭/০৪/০৬ | ঐ | ,, | পবা |
| ৭. | | সজাগ গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ গ্রাম- কর্ণহার, ডাক- দারুশা উপজেলা- পবা, জেলা- রাজশাহী | ৪৩১ ৩১/১০/১১ | ঐ | ,, | পবা |
| ৮. | | প্রতিভা মহিলা সমবায় সমিতি লিঃ গ্রাম- হরিপুর, ডাক-হরিপুর, উপজেলা- পবা, জেলা- রাজশাহী | ১০৭৮ ৩০/১২/১৫ | ঐ | ,, | পবা |
| ৯. | | মুক্তি সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ গ্রাম-আলীর মোড়,ডাক- জিপিও উপজেলা-পবা, জেলা-রাজশাহী | ৫৮২ ১৩/০৮/১২ | ঐ | ,, | পবা |
| ১০. | | অচিন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ গ্রাম- বসুয়া, ডাক- জিপিও, উপজেলা- পবা,জেলা- রাজশাহী | ৯৬১ ২৮/০৪/১৫ | ঐ | ,, | পবা |

২৪/০৭/২৪

মোঃ আকরাম হোসেন
জেলা সমবায় অফিসার
রাজশাহী।